

২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের এবং ২০৪১ সালের মধ্যে উন্নত আয়ের দেশে পরিণত হওয়ার লক্ষ্য দিয়ে বাংলাদেশ সরকার সমগ্র দেশব্যাপী উন্নয়ন কার্যক্রম পরিচালনা করছে। দেশকে মুক্তিযুদ্ধের চেতনায় নিঃস্বার্থভাবে ভালবাসা দিয়ে গড়ার লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের বাংলাদেশ গড়ার প্রত্যয়ে বর্তমান সরকার কাজ করে চলেছে।

সুশাসন প্রতিষ্ঠা ও জনগনের অধিকার নিশ্চিত করার মহান ব্রত্রে বর্তমান গণতান্ত্রিক সরকার অপোষহীন, বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কের এক গুরুত্বপূর্ণ অংশীদার। তথ্য প্রযুক্তির ব্যবহার বাংলাদেশের জনগন আজ বিশ্বের বুকে রোল মডেল।

একটি মানবিক রাষ্ট্র হিসেবে বাংলাদেশের পরিচিত আজ সুবিধিত। রহিঙ্গা সমস্যার সমাধানে দেশের মধ্যে কোন ধরনের উত্তেজনার সৃষ্টি হতে না দিয়ে বিশ্ব জনমত গঠন করার মধ্যে দিয়ে বাংলাদেশ সরকার তা প্রমাণ করেছে।

সরকারের উদ্যোগে একটি স্বনির্ভর উন্নত বাংলাদেশ গড়ার যাত্রায় বাঘাইছড়ি বাসিকে সহযোগী হিসেবে অংশগ্রহণ করার জন্য আন্তরিক ভাবে আহবান জানাচ্ছি।

সমন্বিত উদ্যোগের মাধ্যমে একটি সুষ্ঠু, সুন্দর, সন্ত্রাসমুক্ত, উন্নয়নমুখী আলোকিত বাঘাইছড়ি গড়াই আমাদের সকলের লক্ষ্য।

মোঃ নাদিম সারওয়ার

উপজেলা নিবাহী অফিসার

বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।